গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০৮.১২.০১৩.১৮.১২১১

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮
১৩ অক্টোবর ২০২১

বিষয়: উপ-সচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.২১-৪৯৩, তারিখ: ১১ অক্টোবর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি (সংলগ্নীসহ) এতদসংগে প্রেরণ করা হলো। পত্রের চাহিত তথ্যাদি নির্ধারিত ছক মোতাবেক আগামী ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩-১০-২০২১
এস. এম. তারিক
উপসচিব
ফোন: +৮৮-০২-৯৫১১০৪২
ফ্যাক্স: ০২-৯৫১৫৫৯৯
ইমেইল: ds.company1@ptd.gov.bd

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর
টেলিযোগাযোগ অধিদপ্তর

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
নিয়োগ-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৬.১২.০৪১.২১.১৯৩

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

সূত্রোস্থ স্মারকের পত্রটি পরবর্তী সদয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো। সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে উপসচিব পদে পদোন্নতি বিবেচনার নিমিত্ত আবেদন (হার্ডকপি ও সফটকপি) আগামী ২১/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ অতীব জরুরি।

২। আবেদনকারীগণের সুবিধার্থে সংযুক্ত ছক, চেকলিস্ট, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত প্রতিবেদনের সফটকপি সংযুক্ত করা হলো। আবেদনের সফটকপি sazzad2272@gmail.com এ প্রেরণ অপরিহার্য।

৩। বর্ণিতাবস্থায় সদয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৫-১০-২০২১
মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ইমেইল: director.admin@telecomdept.gov.b

১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
৪) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড
৫) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড
৬) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৭) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৬.১২.০৪১.২১.১৯৩/১(১৪)

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ / ১৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
২) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
৩) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর-সংযুক্তিসহ পত্রটি ডিওটি'র ওয়েবসাইটে আপলোডের কার্যক্রম গ্রহণের নিমিত্ত।
৪) সিনিয়র সহকারী পরিচালক, প্রশিক্ষণ-১ শাখা , টেলিযোগাযোগ অধিদপ্তর-মহাপরিচালক মহোয়ের সদয় অবগতির নিমিত্ত।
৫) নথি/মহানথি।

১৫-১০-২০২১
মো: সাজ্জাদ হোসেন
সিনিয়র সহকারী পরিচালক

অতি জরুরি

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.২১-৪৯৩

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮ / ১১ অক্টোবর ২০২১

বিষয় : **উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ।**

উপসচিব পদে পদোন্নতির জন্য আগ্রহী/যোগ্য বি.সি.এস. টেলিযোগাযোগ ক্যাডারের ২৮তম ব্যাচ পর্যন্ত যে সকল কর্মকর্তার সিনিয়র স্কেল পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরিসহ সংশ্লিষ্ট ক্যাডারের সদস্য হিসেবে অন্যূন ১০(দশ) বছর চাকরি পূর্ণ হয়েছে তাদের মধ্যে ১০(দশ) জনের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে) **সংযুক্ত ছকে (সফট কপিসহ)** আগামী ১৫ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তাগণের বর্তমান ঠিকানা (টেলিফোন/মোবাইল নম্বরসহ), স্থায়ী ঠিকানা (পিতার নামসহ) ও চাকরির পূর্ণ বৃত্তান্ত পৃথক কাগজে প্রেরণ করতে হবে।

০৩। নিম্নবর্ণিত কারণ সম্বলিত কর্মকর্তাগণের নাম তালিকা হতে বাদ দেয়ার জন্য অনুরোধ করা হলোঃ

- (ক) অনাগ্রহী কর্মকর্তা;
- (খ) জ্যেষ্ঠতা সম্পর্কে কোনো আদালতে কোনো মামলা বিচারাধীন থাকলে এবং যে সকল কর্মকর্তাকে পদোন্নতি প্রদান করা হলে আদালত অবমাননা হতে পারে;
- (গ) বি.সি.এস. ২৮তম ব্যাচ অপেক্ষা নিম্ন ব্যাচের কর্মকর্তা;
- (ঘ) সিনিয়র স্কেলে চাকরির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয় নি;
- (ঙ) যে সকল কর্মকর্তা পদোন্নতি পেয়ে ৪র্থ গ্রেডভুক্ত হয়েছেন (পদোন্নতি ব্যতীত সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড পেয়ে যারা ৪র্থ গ্রেড অর্জন করেছেন, তারা ব্যতীত) **[স্পষ্টীকরণ সংক্রান্ত পত্রের কপি সংযুক্ত]**।

০৪। প্রেরিত সকল কাগজ-পত্রের প্রতি পৃষ্ঠা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিবের নিম্নে নয়) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৫। কোন কর্মকর্তা পছন্দ (Option) প্রদান করে উপসচিব পদে পদোন্নতি পেলে তাকে আবশ্যিকভাবে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান করতে হবে।

০৬। তালিকা প্রেরণ করার পর কোন কারণে প্রেরিত তালিকা সংশোধনের প্রয়োজন হলে প্রথমটি বাতিলপূর্বক জ্যেষ্ঠতার ক্রমানুসারে পূর্ণাঙ্গ তালিকা প্রেরণ করতে হবে।

০৭। সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের এ.সি.আর. নম্বর প্রেরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সি.আর. অধিশাখার ১৯/০১/২০০৯ তারিখের সম(সি.আর.-৩)-৪/০৪-৪ সংখ্যক স্মারক (**কপি সংযুক্ত**) অনুযায়ী সি.আর. অধিশাখার একজন কর্মকর্তার উপস্থিতিতে পরীক্ষাপূর্বক নম্বর সংযুক্ত ছকে উল্লেখপূর্বক প্রেরণ করতে হবে।

০৮। **কর্মকর্তাদের তালিকা জ্যেষ্ঠতা অনুযায়ী সঠিক এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে। এর কোনোরূপ ব্যত্যয়ের কারণে অথবা ৩নং অনুচ্ছেদে উল্লিখিত কারণে যদি কোন কর্মকর্তা ভুলক্রমে পদোন্নতি প্রাপ্ত হন অথবা পদোন্নতি থেকে বঞ্চিত হন তাহলে সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগকে এর দায়িত্ব বহন করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত তালিকা/নাম পদোন্নতির জন্য বিবেচনা করা হবে না।**

সংযুক্তি : বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১১/১০/২০২১
(এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার)
উপসচিব
ফোন : ৯৫৭৪৫৫৮

১৩.১০.২০২১

সিনিয়র সচিব/সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/ বিভাগ

| ডাইরী নং- | তারিখ: |
|---|---|
| সচিবের দপ্তর | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| অতিরিক্ত সচিব (প্রশাসন) | যুগ্ম-সচিব (কোম্পানি) |
| অতিরিক্ত সচিব (ডাক) | যুগ্ম-সচিব (নিরীক্ষা) |
| অতিরিক্ত সচিব (টেলিকম) | উপ-সচিব |
| যুগ্ম-সচিব (প্রশাসন) | উপ-সচিব |
| যুগ্ম-সচিব (পরিকল্পনা) | জনসংযোগ কর্মকর্তা |
| যুগ্ম-সচিব (টেলিকম) | সচিবের একান্ত সচিব |

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর

| | |
|---|---|
| ডাইরী নং- ৭৯৩ | তারিখ: |
| পেশ করুন | আলোচনা করুন |
| যুগ্ম-সচিব(প্রশাসন) | যুগ্ম-সচিব(ডাক)/(নিরীক্ষা) |
| | ব্যক্তিগত কর্মকর্তা |

অতিরিক্ত সচিব (প্রশাসন)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা**
**www.mopa.gov.bd**

নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.১৯-১৬৩

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬ / ২৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয় : **উপসচিব পদে পদোন্নতি বিবেচনার জন্য প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত স্পষ্টীকরণ।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৩০.১২.০০৪.১৯-১১৩, ১১৪ ও ১১৫, তারিখ: ০৯/০২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে উপসচিব পদে পদোন্নতির জন্য যে সকল মন্ত্রণালয়/বিভাগ হতে ইতোমধ্যে ৪র্থ বা তদূর্ধ্ব গ্রেডপ্রাপ্ত কর্মকর্তাদের নাম প্রেরণ করা হয়েছে তাদের নাম বাদ দিয়ে সংশোধিত তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সূত্রোক্ত পত্রে ৪র্থ গ্রেডভুক্ত কর্মকর্তা বলতে ৪র্থ গ্রেডের পদধারী অর্থাৎ যে সকল কর্মকর্তা পদোন্নতি পেয়ে ৪র্থ গ্রেডভুক্ত হয়েছেন তাদের বুঝানো হয়েছে। পদোন্নতি ব্যতীত সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড পেয়ে যারা ৪র্থ গ্রেড অর্জন করেছেন, তাদের উপসচিব পদে পদোন্নতির জন্য আবেদন করার সুযোগ রয়েছে।

০২। বর্ণিত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫.০২ ২০২০

(মোঃ [illegible] ইসলাম খান)
উপসচিব
ফোন : ৯৫৭৪৫৫৮

সিনিয়র সচিব/সচিব
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা

নং সম (সিআর-৩) -৪/০৪-৪

তারিখঃ ০৬ মাঘ ১৪১৫ বাং।
১৯ জানুয়ারী ০৯ খ্রিঃ।

**বিষয়ঃ প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতির সুপারিশকালে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক এসিআর যাচাই-বাছাই এর সময় সংস্থাপন মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রশাসন ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতির পর সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় হতে তাঁদের ডোসিয়ার সিআর অধিশাখায় প্রেরণ করা হয়। উক্ত ডোসিয়ার সিআর অধিশাখায় পর্যালোচনাকালে বিভিন্ন ধরণের ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়।যেমন অস্বাভাবিক বিলম্বে এসিআর দাখিল, এসিআরের মেয়াদ উল্লেখ না করা, মূল্যায়নের নম্বর ঘষামাজা, সঠিক আরআইও/সিএসও কর্তৃক এসিআর অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর না করা,ফরম প্রচলনের পূর্বের তারিখ ব্যবহার করে বর্তমান এসিআর ফরম ব্যবহার, বিরূপ মন্তব্যসহ এসিআর মূল্যায়ন করা, ১০/১৫ বছরের এসিআর একত্রে দাখিল করা ইত্যাদি।

০২। উল্লেখ্য, অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের উপসচিব পদে পদোন্নতিকালে তাঁদের এসিআর/ডোসিয়ার সিআর অধিশাখা কর্তৃক যাচাই-বাছাই পূর্বক মূল্যায়ন করা হয় না। ফলে এধরণের ত্রুটি-বিচ্যুতি বা অসংগতি থাকা সত্ত্বেও অনেকে পদোন্নতি লাভ করেছেন। অথচ প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ এধরণের ত্রুটি-বিচ্যুতি বা অসংগতির কারণে পদোন্নতি বঞ্চিত হয়ে থাকেন। একই নীতিমালার আওতায় দু'ধরণের মূল্যায়ন কাম্য নয়। কারণ এতে করে কারো কারো পদোন্নতি বঞ্চিত হবার আশংকা থেকে যায়।

০৩। এমতাবস্থায়, উপসচিব পদে পদোন্নতির জন্য সুপারিশের নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়ে ডোসিয়ার যাচাই-বাছাইকালে সংস্থাপন মন্ত্রণালয়ের সিআর অধিশাখার একজন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(রহমত উল্লাহ মোঃ দস্তগীর)
উপসচিব (সিআর)
ফোন-৭১৬৫৯৭১

সচিব
------------------------------------মন্ত্রণালয়/বিভাগ(সকল)।

অনুলিপিঃ
১। যুগ্ম-সচিব(এপিডি),সংস্থাপন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ।
৩। সচিবের একান্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।

## ছক

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, জন্ম তারিখ, নিজ জেলা, পদবি, বেতন গ্রেড ও বর্তমান কর্মস্থল এবং কর্মকর্তাগণের স্থায়ী ঠিকানা ও চাকরির পূর্ণ জীবন বৃত্তান্ত (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করতে হবে) | ক্যাডারে যোগদানের তারিখ ও ব্যাচ (চাকুরীরত অবস্থায় ক্যাডারভুক্ত হয়ে থাকলে সংশ্লিষ্ট আদেশের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে) | সিনিয়র স্কেল প্রাপ্তির তারিখ, বিসিএস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ১৯৮৬ অনুযায়ী পরীক্ষায় উত্তীর্ণ/ পরীক্ষা হতে অব্যাহতি প্রাপ্ত/ পরীক্ষায় অকৃতকার্য হয়ে বয়সের ভিত্তিতে সিনিয়র স্কেল পেয়েছেন কিনা তা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আদেশের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে। | বুনিয়াদী ও বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণসহ আইন ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের তারিখ ও প্রতিষ্ঠানের নাম (সনদপত্র/গেজেটের ছায়ালিপি সংযুক্ত করতে হবে) | শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত প্রতিবেদন (এস.এস.সি হতে মাস্টার্স পর্যন্ত পাশের বছর ও ফলাফল উল্লেখসহ সকল সনদের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে) | এ.সি.আর নম্বর সংক্রান্ত প্রতিবেদন | | | এ.সি.আর এ বিরূপ মন্তব্য সংক্রান্ত প্রতিবেদন (বিরূপ মন্তব্য ও প্রদানের বছর, বিরূপ মন্তব্য অবহিত করণের মাধ্যমে নিশ্চতকরা হয়েছে কিনা তা উল্লেখসহ) | শৃঙ্খলা সংক্রান্ত প্রতিবেদন | দুর্নীতি সংক্রান্ত প্রতিবেদন | ক্যাডারে নবম গ্রেডের মোট পদ সংখ্যা (অর্থাৎ এন্ট্রি পদের মোট সংখ্যা) | ক্যাডারে মোট অনুমোদিত পদ সংখ্যা | সি.স্কেল/ পদোন্নতি/ অন্যান্য ক্ষেত্রে প্রমার্জনের সুযোগ প্রাপ্ত হলে তার বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬ সালের পূর্ববর্তী চাকরী কালীন বছর ভিত্তিক নম্বর, মোট নম্বর, গড় নম্বর এবং গড় নম্বরের ২৫% | ২০১৬-২০২০ সালের বছর ভিত্তিক নম্বর, মোট নম্বর, গড় নম্বর এবং গড় নম্বরের ৩০% | মোট নম্বর (৫৫% এর মধ্যে) | | (ক) অভিযোগ/মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা। (খ) চাকরি জীবনে কোন গুরু দন্ড বা লঘু দন্ড পেয়েছেন কিনা। সংক্ষিপ্ত প্রতিবেদনসহ অপরাধের প্রকৃতি ও দন্ড আরোপের সময় উল্লেখ করতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে আদেশের কপি সংযুক্ত করতে হবে) | (ক) অভিযোগ/মামলা তদন্তাধীন/বিচারাধীন আছে কিনা। (খ) চাকরি জীবনে কোন দুর্নীতি সংক্রান্ত মামলায় শাস্তি পেয়েছেন কিনা, মামলা তদন্তাধীন/ চলমান থাকলে কিংবা ইতোমধ্যে শাস্তি পেয়ে থাকলে সংক্ষিপ্ত প্রতিবেদনসহ শাস্তি আরোপের সময় উল্লেখ করতে হবে। | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

উপসচিব পদে পদোন্নতির আবেদনের নিমিত্ত

**চেকলিষ্ট**

| সংযুক্তি নং | কাগজাদির বিবরণ | |
|---|---|---|
| সংযুক্তি-১ | তথ্যছক। | |
| সংযুক্তি-২ | ক) বর্তমান ও স্থায়ী ঠিকানা (সরবরাহকৃত ফরমে) | |
| | খ) পূর্ণ জীবন বৃত্তান্ত (পিডিএস) | |
| সংযুক্তি-৩ | সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণের আদেশের ছায়ালিপি। | |
| সংযুক্তি-৪ | ক) বুনিয়াদী প্রশিক্ষণের সনদ-এর ছায়ালিপি; | |
| | খ) বিভাগীয় প্রশিক্ষণ উত্তীর্ণের আদেশ/সনদ-এর ছায়ালিপি; | |
| | গ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের গেজেটের ছায়ালিপি; | |
| সংযুক্তি-৫ | ক) শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত প্রতিবেদন (সরবরাহকৃত ফরমে); | |
| | খ) শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত প্রতিবেদন সনদের ছায়ালিপি; | |
| সংযুক্তি-৬ | অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) | |